গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-১২১৯
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.৩২.০১৩.১৭- ৬১৭

তারিখঃ ১৪/১২/১৪২৩ বঙ্গাব্দ
২৮/০৩/২০১৭ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

স্বরাষ্ট্র মন্ত্রণালয় আনসার অধিশাখা-১, প্রজ্ঞাপন স্মারক নং- ৪৪.০০.০০০০.১১৪.১৬.০০১.১৫-৩৫৮, তারিখঃ ০৮/১২/২০১৬ খ্রিঃ মূলে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী'র সকল পর্যায়ের কর্মচারী ও সদস্য-সদস্যাদের অসীম সাহসিকতা, বীরত্বপূর্ণ কাজের পাশাপাশি বুদ্ধিমত্তা, একনিষ্ঠতা, সততা, দূরদর্শিতা, মমত্ববোধ প্রভৃতির দৃষ্টান্তপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ বাংলাদেশ সরকার কর্তৃক প্রবর্তিত 'বাংলাদেশ আনসার পদক', 'প্রেসিডেন্ট আনসার পদক', 'বাংলাদেশ গ্রাম প্রতিরক্ষা দল পদক', 'প্রেসিডেন্ট গ্রাম প্রতিরক্ষা দল পদক', 'বাংলাদেশ আনসার (সেবা) পদক', 'প্রেসিডেন্ট আনসার (সেবা) পদক', বাংলাদেশ গ্রাম প্রতিরক্ষা দল (সেবা) পদক' এবং 'প্রেসিডেন্ট গ্রাম প্রতিরক্ষা দল (সেবা) পদক' প্রদানের নীতিমালা জারী করা হয়েছে। জারীকৃত নীতিমালার যথাযথ বাস্তবায়নকল্পে নিম্নোক্ত নির্দেশনা অনুসৃত হবে।

২। **প্রাথমিক প্রস্তাব প্রণয়ন কমিটি**। পদক প্রদানের লক্ষে নিম্নবর্ণিত কমিটিসমূহ প্রাথমিক প্রস্তাব প্রণয়ন করবে ঃ

ক। **রেঞ্জ কমিটি** ঃ প্রজ্ঞাপণ অনুচ্ছেদ-৫ (ক) এ বর্ণিত।

খ। **আনসার ভিডিপি একাডেমি কমিটি** ঃ প্রজ্ঞাপণ অনুচ্ছেদ-৫(খ) এ বর্ণিত।

গ। **সদর দপ্তর কমিটি** ঃ

(১) পরিচালক (আনসার প্রশিক্ষণ) - আহ্বায়ক।

(২) উপ-পরিচালক (জেনারেল) - সদস্য।

(৩) উপ-পরিচালক (প্রশাসন-উইং) - সদস্য সচিব।

৩। **পদক প্রস্তাব প্রেরণ পদ্ধতি**। প্রাথমিক প্রস্তাব প্রণয়ন কমিটি পদকের বিষয়ে

ক। আনসার ভিডিপি একাডেমী, রেঞ্জ ও সদর দপ্তরের প্রাথমিক প্রস্তাব প্রণয়ন কমিটি কর্তৃক পদকের আবেদনসমূহ যাচাই বাচাই করে প্রাথমিকভাবে মনোনয়ন প্রদান পূর্বক কর্মচারী ও সদস্য-সদস্যাগণের প্রস্তাব (কাজের বিবরণ ও প্রমানপত্রসহ) সমূহ নির্ধারিত ছক (ক্রোড়পত্র-ক) অনুযায়ী সুপারিশসহকারে প্রতিবছর ১৫ নভেম্বর তারিখের মধ্যে হার্ডকপি ও SutonnyMJ ফন্টে টাইপকৃত পদক প্রস্তাব তালিকার সফটকপি (ই-মেইলঃ ddadmin@ansarvdp.gov.bd এবং সিডি আকারে) প্রশাসন শাখা, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, প্রেরণ করতে হবে। ১৫ নভেম্বর তারিখের পরে প্রাপ্ত প্রস্তাবের উপর কোন কার্যক্রম গ্রহণ করা হবে না।

খ। কমিটি কর্তৃক প্রস্তাবিত কর্মচারী ও সদস্য-সদস্যার কাজের বিবরণ সংক্ষিপ্ত, বস্তুনিষ্ট এবং গেজেট এর অনুচ্ছেদ-২ ('ক' হতে 'দ') এ বর্ণিত যেকোন বিষয় সুস্পষ্টভাবে শিরোনাম হিসেবে উল্লেখপূর্বক তালিকা প্রস্তুত করতে হবে।

গ। পদকের জন্য প্রাথমিকভাবে মনোনীত কর্মচারী ও সদস্য-সদস্যা ইতোপূর্বে কোন পদক/পুরস্কার পেয়ে থাকলে তার বিবরণসহ প্রাথমিক মনোনয়ন কমিটি কর্তৃক নতুন প্রস্তাব প্রেরণ করতে হবে।

ঘ। একই কাজের জন্য একাধিক প্রস্তাব প্রেরণ করা যাবে না। তবে অবস্থার প্রেক্ষিতে একই কাজের জন্য একাধিক ব্যাক্তির নাম প্রস্তাব করা যাবে।

ঙ। পদকের জন্য প্রস্তাবিত ব্যক্তিকে উক্ত কাজ করার পূর্ব থেকে আনসার-ভিডিপির সদস্য হতে হবে। কাজ শেষে পরবর্তীতে আনসার-ভিডিপির সদস্য হয়েছে এমন কোন ব্যক্তির জন্য প্রস্তাব প্রেরণ করা যাবে না।

চ। পদকের প্রস্তাবের সাথে সংশ্লিষ্ট কর্মচারী/সদস্য/সদস্যার বর্তমান ও স্থায়ী ঠিকানা, ০২ (দুই) কপি পাসপোর্ট, ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের সদ্যতোলা রঙ্গিন ছবি (সত্যায়িত), মোবাইল নম্বর এবং জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (সত্যায়িত) অবশ্যই সংযুক্ত করতে হবে।

ছ। মৃত কর্মচারী/সদস্য/সদস্যার প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে তাঁর উত্তরাধিকারী/প্রতিনিধির বর্তমান ও স্থায়ী ঠিকানা, ০২ (দুই) কপি পাসপোর্ট, ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের সদ্যতোলা রঙ্গিন ছবি এবং মোবাইল নম্বর অবশ্যই সংযুক্ত করতে হবে।

জ। প্রস্তাব প্রেরণের সময় পদক প্রজ্ঞাপন ও এ নির্দেশাবলী যথাযথভাবে অনুসরন করা না হলে উক্ত প্রস্তাবের উপর কোন কার্যক্রম গ্রহণ করা হবে না।



Scanned with CamScanner

৪। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অধিদপ্তর কমিটির দায়িত্ব।

ক। আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অধিদপ্তর কমিটি ঃ প্রজ্ঞাপণ অনুচ্ছেদ-৫ (গ) এ বর্ণিত।

খ। আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অধিদপ্তর কমিটির সদস্য সচিব এবং প্রশাসন পরিদপ্তরের ব্যবস্থাপনায় কমিটি নভেম্বর মাসের ৪র্থ সপ্তাহে সভার মাধ্যমে প্রাথমিক প্রস্তাব প্রণয়ন কমিটি কর্তৃক প্রেরিত প্রস্তাব সমূহ সঠিকভাবে যাচাই বাছাই করতঃ সাইটেশন, মতামত ও সুপারিশ সমূহ চূড়ান্ত করে প্রশাসন শাখায় দাখিল করবে।

৫। পদক অনুমোদন । পদক অনুমোদন সংক্রান্ত কার্যক্রম নিম্নরুপঃ-

ক। আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অধিদপ্তর কমিটি কর্তৃক প্রণীত খসড়া তালিকা সদর দপ্তর প্রশাসন শাখা মহাপরিচালক মহোদয়ের চূড়ান্ত অনুমোদনের জন্য উপস্থাপন ও অনুমোদন গ্রহণ করবে।

খ। সদর দপ্তর প্রশাসন শাখা মহাপরিচালক মহোদয়ের অনুমোদকৃত মনোনীত কর্মচারীগণের সাইটেশনসহ নামীয় তালিকা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে মহামান্য রাষ্ট্রপতির চূড়ান্ত অনুমোদনের জন্য প্রক্রিয়া করবে।

গ। মনোনীতদের পদক প্রস্তুত, এককালীন অর্থ বরাদ্দের চাহিদা, নিরাপত্তা ছাড়পত্র গ্রহণসহ প্রয়োজনীয় অন্যান্য কাজের জন্য সদর দপ্তর প্রশাসন শাখা সংশ্লিষ্ট সকলের নিকট তালিকা প্রেরণ করবে।

৬। পদক বিতরণ । পদক অনুমোদন সংক্রান্ত কার্যক্রম নিম্নরুপঃ

ক। প্রতি বছর ১৫ ফেব্রুয়ারী বা নির্ধারিত তারিখে আনসার ভিডিপি একাডেমীতে অনুষ্ঠিত জাতীয় সমাবেশে আনুষ্ঠানিক কুচকাওয়াজ/বার্ষিক দরবারে উল্লিখিত পদক সমূহ সদর দপ্তর প্রশাসন শাখার ব্যবস্থাপনায় বিতরণ করা হবে।

খ। প্রজ্ঞাপনে বর্ণিত নির্দেশনার আলোকে সকল পদক প্রশাসন কিউ শাখা প্রস্তুত করে সদর দপ্তর প্রশাসন শাখায় হস্তান্তর করবে।

গ। সদর দপ্তর প্রশাসন শাখা পদক প্রাপ্তদের এককালীন অনুদানের অর্থের চাহিদা প্রস্তুত পূর্বক মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে বাজেট শাখায় প্রেরণ করবে। বাজেট শাখা চাহিদা প্রাপ্তি সাপেক্ষে পদকের অর্থ সদর দপ্তর প্রশাসন শাখায় হস্তান্তর করবে।

ঘ। আনসার ভিডিপি একাডেমী কর্তৃপক্ষের সাথে সমন্বয়ক্রমে সদর দপ্তর প্রশাসন শাখা পদক গ্রহণ অনুশীলন এবং পদক ও পদকের অর্থ বিতরণের ব্যবস্থা করবে।

ঙ। গণসংযোগ শাখা পদক প্রাপ্তদের ছবি ও সাইটেশনসহ নামীয় তালিকা জাতীয় সমাবেশ ক্রোড়পত্রে প্রকাশের ব্যবস্থা করবে।

চ। পদক সংশ্লিষ্ট ব্যক্তি নিজে একাডেমীতে উপস্থিত হয়ে পদক গ্রহণ করবেন। তাঁর অসামর্থতায় তাঁর স্ত্রী বা সন্তান পদক গ্রহণ করবেন।

ছ। পদক গ্রহণের জন্য মনোনীত ব্যক্তিগণ কুচকাওয়াজ অনুষ্ঠানের ৭ দিন পূর্বে আনসার ভিডিপি একাডেমীতে উপস্থিত হবেন। আনসার ভিডিপি একাডেমীতে তাঁদের পদক গ্রহণের অনুশীলন করানো হবে এবং যথাযথ পোষাক পরিচ্ছদ প্রদান করা হবে।

জ। পদকপ্রাপ্ত ব্যক্তি শারীরিকভাবে অক্ষম হলে প্রয়োজনে একজন সাহায্যকারী সঙ্গে নিয়ে আসবেন।

ঝ। পদকের জন্য মনোনীত ব্যক্তি/ব্যক্তিবর্গের আনসার ভিডিপি একাডেমীতে অবস্থানকালীন সময়ের জন্য একাডেমী কর্তৃক থাকা এবং খাওয়ার ব্যবস্থা করা হবে।

ঞ। পদকের জন্য মনোনীত ব্যক্তি/ব্যক্তিবর্গ বাহিনীর স্থায়ী কর্মচারী হলে বিধি অনুযায়ী দৈনিক ও ভ্রমণ ভাতা প্রাপ্য হবেন; অস্থায়ী কর্মচারী ও স্বেচ্ছাসেবী সদস্য-সদস্যা হলে অত্র অনুচ্ছেদের উপ-অনুচ্ছেদ 'ঝ' অনুযায়ী যাতায়াত ভাতা বাহিনীর নিজস্ব তহবিল হতে আনসার ভিডিপি একাডেমীর মাধ্যমে পরিশোধিত হবে।

৭। পদকের এককালীন ও মাসিক অনুদান প্রদান। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর কর্মচারীদের জন্য পদক প্রবর্তনের প্রজ্ঞাপন (স্বরাষ্ট্র মন্ত্রণালয় সীমান্ত অধিশাখা-১, স্মারক নং- ৪৪.০০.০০০০.১১৬.০৪.০০২.১২-৫৮, তারিখঃ ২২/০২/২০১২ খ্রিঃ) এ বর্ণিত হার অনুযায়ী পদক প্রাপ্তদের এককালীন অনুদান ও মাসিক ভাতা প্রদান করা হবে।

৮। এতদ্‌সংশ্লিষ্ট বিষয়ে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১. ৩২.০১৪.১২-১৭৪৯, তারিখঃ ০৩/১০/২০১২ খ্রিঃ মূলে ইতোপূর্বে জারীকৃত অফিস আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

৯। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অনতিবিলম্বে কার্যকর হবে। প্রয়োজনে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে দপ্তর আদেশটির সংশোধন, সংযোজন ও পরিবর্তন করা যাবে।

সংযুক্ত ঃ ক। স্বরাষ্ট্র মন্ত্রণালয় আনসার অধিশাখা-১, প্রজ্ঞাপন নং-৪৪.০০.০০০০.১১৪.১৬.০০১.১৫-৩৫৮ তারিখঃ ০৮/১২/২০১৬ খ্রিঃ - গেজেট ০১ (এক) টি।

খ। স্বরাষ্ট্র মন্ত্রণালয় সীমান্ত অধিশাখা-১, প্রজ্ঞাপন নং-৪৪.০০.০০০০.১১৬.০৪.০০২.১২-৫৮ তারিখঃ ২২/০২/২০১২ খ্রিঃ - ০১ (এক) টি।

গ। ক্রোড়পত্র 'ক' ও 'খ' - ০১ (এক) পাতা।

মোঃ সামছুল আলম
পরিচালক (প্রশাসন)
দুরালাপনী ঃ ৭২১৪৯২৫

D:\Babul\পদক, মহামান্য ভাতা, অধিকার ভাতা ম:সাজ্জ\Padak.docx

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.৩২.০১৩.১৭- ৬১৭                                                                                                তারিখ ঃ ১৪/১২/১৪২৩ বঙ্গাব্দ।
২৮/০৩/২০১৭ খ্রিস্টাব্দ।

অনুলিপিঃ

১। মহাপরিচালক মহোদয় এর সচিবালয় বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। — সদয় অবগতির জন্য।

২। অতিরিক্ত মহাপরিচালক বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। — "

৩। উপ-মহাপরিচালক (প্রশাসন/অপারেশনস/প্রশিক্ষণ) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। — সদয় অবগতি ও কার্যক্রমের জন্য।

৪। উপ-মহাপরিচালক আনসার ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। — "

৫। পরিচালক (সকল)........................................................ বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। /আনসার ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। — অবগতি ও কার্যক্রমের জন্য।

৬। পরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী (সকল রেঞ্জ) ......সিলেট রেঞ্জ সিলেট......................................। — "

৭। পরিচালক, মহানগর আনসার ঢাকা/চট্টগ্রাম — "

৮। নির্বাহী প্রকৌশলী/ আইন বিষয়ক উপদেষ্টা। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। — "

৯। উপ-পরিচালক (সকল)........................................................ বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। /আনসার ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। — "

একমাত্র বাংলাদেশ রাষ্ট্রীয় কার্যে ব্যবহৃত

১০। তত্ত্বাবধায়ক, আনসার ও ভিডিপি হাসপাতাল, সফিপুর, গাজীপুর। — "

১১। জেলা কমান্ড্যান্ট (সকল) জেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী কার্যালয়,..............................। — "

১২। জোন অধিনায়ক (সকল)...........................................................। — "

১৩। অধিনায়ক আনসার স্টাইকিং ফোর্স, বসুমতি আবাসিক প্রকল্প, ভাটারা, ঢাকা। — "

১৪। ব্যাটালিয়ন অধিনায়ক (সকল) ......আনসার ব্যাটালিয়ন,..........................................। — "

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**পরিচালকের কার্যালয়**
**আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী**
**সিলেট রেঞ্জ, সিলেট।**
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.৬০৯১.০০১.১১.০১৭.১৭-৬৭৮                                                                                                তারিখঃ .০৩../০৪/২০১৭ খ্রিঃ।

অনুলিপি ঃ

১। জেলা কমান্ড্যান্ট আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সিলেট/সুনামগঞ্জ/মৌলভীবাজার/হবিগঞ্জ। — অবগতি ও কার্যক্রম।

২। অধিনায়ক, ৫ আনসার ব্যাটালিয়ন কালাপুর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

৩। দপ্তর কপি।

৬৮/১

(গোলাম কিবরিয়া)
পরিচালক
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সিলেট রেঞ্জ, সিলেট।
Email-directoravosylhet@gmail.com

০৩/৪/১৭

Scanned with CamScanner

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারি ১০, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

আনসার অধিশাখা-১

## প্রজ্ঞাপন

তারিখ : ০৮ ডিসেম্বর, ২০১৬ খ্রিঃ

নং ৪৪.০০.০০০০.১১৪.১৬.০০১.১৫-৩৫৮—বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী'র বিভিন্ন কর্মচারীদের অসীম সাহসিকতা, বীরত্বপূর্ণ কাজের পাশাপাশি বুদ্ধিমত্তা, একনিষ্ঠতা, সততা, দূরদর্শিতা, মমত্ববোধ প্রভৃতির দৃষ্টান্তপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ বাংলাদেশ সরকার কর্তৃক প্রবর্তিত 'বাংলাদেশ আনসার পদক', 'প্রেসিডেন্ট আনসার পদক', 'বাংলাদেশ গ্রাম প্রতিরক্ষা দল পদক', 'প্রেসিডেন্ট গ্রাম প্রতিরক্ষা দল পদক', 'বাংলাদেশ আনসার (সেবা) পদক', 'প্রেসিডেন্ট আনসার (সেবা) পদক', 'বাংলাদেশ গ্রাম প্রতিরক্ষা দল (সেবা) পদক' এবং 'প্রেসিডেন্ট গ্রাম প্রতিরক্ষা দল (সেবা) পদক' প্রদানের নীতিমালা প্রণয়ন করা হলো।

**পদকের বিবরণ প্রাপ্তির যোগ্যতা ও শর্ত নিম্নরূপ হবে :**

**১। পদকের নাম, সংখ্যা ও পদকের গঠন :**

| ক্রমিক নং | পদকের নাম | প্রতি বছর প্রদেয় পদকের সর্বোচ্চ সংখ্যা | পদকের গঠন |
|---|---|---|---|
| ১। | বাংলাদেশ আনসার পদক | ১০ টি | (ক) পদকটি রূপার তৈরি হবে।<br>(খ) পদকের আকৃতি গোলাকার হবে।<br>(গ) পদকের ব্যাস ১$\frac{৩}{৮}$ ইঞ্চি হবে।<br>(ঘ) পদকটির একদিকে বাংলাদেশের প্রতিকৃতি খচিত থাকবে এবং বাংলায় "বাংলাদেশ আনসার পদক" ও "অসম সাহসিকতা" উৎকীর্ণ থাকবে। পদকের অপর পৃষ্ঠে "আনসার" প্রতীক খচিত থাকবে। পদকপ্রাপ্ত সদস্যের নাম পদকের প্রান্তভাগে অন্তর্ভুক্ত থাকবে। |



মূল্য : টাকা ৮·০০

Scanned with CamScanner

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| ২। | প্রেসিডেন্ট আনসার পদক | ২০ টি | (ক) পদকটি ব্রোঞ্জ এর তৈরি হবে।<br>(খ) পদকের আকৃতি গোলাকার হবে।<br>(গ) পদকের ব্যাস $১\frac{৩}{৮}$ ইঞ্চি হবে।<br>(ঘ) পদকটির একদিকে বাংলাদেশের জাতীয় প্রতীক খচিত থাকবে এবং বাংলায় "**প্রেসিডেন্ট আনসার পদক**" ও "**সাহসিকতা**" উৎকীর্ণ থাকবে। পদকের অপর পৃষ্ঠে "**আনসার**" প্রতীক খচিত থাকবে। পদকপ্রাপ্ত সদস্যের নাম পদকের প্রান্তভাগে অন্তর্ভুক্ত থাকবে। |
| ৩। | বাংলাদেশ গ্রাম প্রতিরক্ষা দল পদক | ১০ টি | (ক) পদকটি রূপার তৈরি হবে।<br>(খ) পদকের আকৃতি গোলাকার হবে।<br>(গ) পদকের ব্যাস $১\frac{৩}{৮}$ ইঞ্চি হবে।<br>(ঘ) পদকটির একদিকে বাংলাদেশের প্রতিকৃতি খচিত থাকবে এবং বাংলায় "**বাংলাদেশ গ্রাম প্রতিরক্ষা দল পদক**" ও "**অসম সাহসিকতা**" উৎকীর্ণ থাকবে। পদকের অপর পৃষ্ঠে "**গ্রাম প্রতিরক্ষা দল**" প্রতীক খচিত থাকবে। পদকপ্রাপ্ত সদস্যের নাম পদকের প্রান্তভাগে অন্তর্ভুক্ত থাকবে। |
| ৪। | প্রেসিডেন্ট গ্রাম প্রতিরক্ষা দল পদক | ২০ টি | (ক) পদকটি ব্রোঞ্জ এর তৈরি হবে।<br>(খ) পদকের আকৃতি গোলাকার হবে।<br>(গ) পদকের ব্যাস $১\frac{৩}{৮}$ ইঞ্চি হবে।<br>(ঘ) পদকটির একদিকে বাংলাদেশের জাতীয় প্রতীক খচিত থাকবে এবং বাংলায় "**প্রেসিডেন্ট গ্রাম প্রতিরক্ষা দল পদক**" ও "**সাহসিকতা**" উৎকীর্ণ থাকবে। পদকের অপর পৃষ্ঠে "**গ্রাম প্রতিরক্ষা দল**" প্রতীক খচিত থাকবে। পদকপ্রাপ্ত সদস্যের নাম পদকের প্রান্তভাগে অন্তর্ভুক্ত থাকবে। |
| ৫। | বাংলাদেশ আনসার (সেবা) পদক | ২০ টি (মহিলা ন্যূনতম ৫টি) | (ক) পদকটি রূপার তৈরি হবে।<br>(খ) পদকের আকৃতি গোলাকার হবে।<br>(গ) পদকের ব্যাস $১\frac{৩}{৮}$ ইঞ্চি হবে।<br>(ঘ) পদকটির একদিকে বাংলাদেশের প্রতিকৃতি খচিত থাকবে এবং বাংলায় "**বাংলাদেশ আনসার পদক**" ও "**সেবা**" উৎকীর্ণ থাকবে। পদকের অপর পৃষ্ঠে "**আনসার**" প্রতীক খচিত থাকবে। পদকপ্রাপ্ত সদস্যের নাম পদকের প্রান্তভাগে অন্তর্ভুক্ত থাকবে। |

Scanned with CamScanner

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| ৬। | প্রেসিডেন্ট আনসার (সেবা) পদক | ৪০ টি (মহিলা ন্যূনতম ১০টি) | (ক) পদকটি ব্রোঞ্জ এর তৈরি হবে।<br>(খ) পদকের আকৃতি গোলাকার হবে।<br>(গ) পদকের ব্যাস $১\frac{৩}{৮}$ ইঞ্চি হবে।<br>(ঘ) পদকটির একদিকে বাংলাদেশের জাতীয় প্রতীক খচিত থাকবে এবং বাংলায় "প্রেসিডেন্ট আনসার পদক" ও "সেবা" উৎকীর্ণ থাকবে। পদকের অপর পৃষ্ঠে "আনসার" প্রতীক খচিত থাকবে। পদকপ্রাপ্ত সদস্যের নাম পদকের প্রান্তভাগে অন্তর্ভুক্ত থাকবে। |
| ৭। | বাংলাদেশ গ্রাম প্রতিরক্ষা দল (সেবা) পদক | ২০ টি (পুরুষ ১০টি ও মহিলা ১০টি) | (ক) পদকটি রুপার তৈরি হবে।<br>(খ) পদকের আকৃতি গোলাকার হবে।<br>(গ) পদকের ব্যাস $১\frac{৩}{৮}$ ইঞ্চি হবে।<br>(ঘ) পদকটির একদিকে বাংলাদেশের প্রতিকৃতি খচিত থাকবে এবং বাংলায় "বাংলাদেশ গ্রাম প্রতিরক্ষা দল পদক" ও "সেবা" উৎকীর্ণ থাকবে। পদকের অপর পৃষ্ঠে "গ্রাম প্রতিরক্ষা দল" প্রতীক খচিত থাকবে। পদকপ্রাপ্ত সদস্যের নাম পদকের প্রান্তভাগে অন্তর্ভুক্ত থাকবে। |
| ৮। | প্রেসিডেন্ট গ্রাম প্রতিরক্ষা দল (সেবা) পদক | ৪০টি (পুরুষ ২০টি ও মহিলা ২০টি) | (ক) পদকটি ব্রোঞ্জ এর তৈরি হবে।<br>(খ) পদকের আকৃতি গোলাকার হবে।<br>(গ) পদকের ব্যাস $১\frac{৩}{৮}$ ইঞ্চি হবে।<br>(ঘ) পদকটির একদিকে বাংলাদেশের জাতীয় প্রতীক খচিত থাকবে এবং বাংলায় "প্রেসিডেন্ট গ্রাম প্রতিরক্ষা দল পদক" ও "সেবা" উৎকীর্ণ থাকবে। পদকের অপর পৃষ্ঠে "গ্রাম প্রতিরক্ষা দল" প্রতীক খচিত থাকবে। পদকপ্রাপ্ত সদস্যের নাম পদকের প্রান্তভাগে অন্তর্ভুক্ত থাকবে। |

২। **পদকপ্রাপ্তির যোগ্যতা ও শর্ত :** নিম্নবর্ণিত এক বা একাধিক কাজের জন্য বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীতে প্রেষণে আগত কেবল পোষাকধারী কর্মচারী, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মচারীসহ ব্যাটালিয়ন সদস্য/সদস্যা, অঙ্গীভূত সদস্য/সদস্যা, আনসার/ভিডিপি/টিডিপি

Scanned with CamScanner

সদস্য/সদস্যা, থানা/উপজেলা আনসার কমান্ডার, ইউনিয়ন/ওয়ার্ড/গ্রাম দলনেতা/দলনেত্রীগণসহ সকল পর্যায়ের সদস্য-সদস্যাদের উক্ত পদক প্রদান করা যাবে, যথা:

(ক) প্রতিপক্ষের সাথে সংঘর্ষের সময় জীবন বিপন্ন করে বীরত্বপূর্ণ/সাহসিকতার পরিচয় প্রদান,

(খ) সন্ত্রাসী/রাষ্ট্রদ্রোহী/নাশকতামূলক কার্যক্রম নির্মূলে বীরত্বপূর্ণ অবদান রাখা,

(গ) চোরাকারবারীর সাথে সংঘর্ষের সময় জীবনের ঝুঁকি নিয়ে বীরত্ব/সাহসিকতার পরিচয় প্রদান,

(ঘ) পার্বত্য এলাকাসহ দেশের যে কোনো অঞ্চলে সন্ত্রাস দমনে বীরত্বপূর্ণ অবদান রাখা,

(ঙ) বুদ্ধিমত্তা ও দূরদর্শিতার মাধ্যমে বৃহৎ কোনো সংঘর্ষের সফল সমাধান করা,

(চ) অবৈধ অস্ত্র উদ্ধার করতে গিয়ে মারাত্মকভাবে আহত হওয়া/অবৈধ অস্ত্র উদ্ধার করা,

(ছ) চোরাচালান দমনে দৃষ্টান্তমূলক সাফল্য অর্জন,

(জ) আইন-শৃঙ্খলা রক্ষায় দৃষ্টান্তমূলক সাফল্য অর্জন,

(ঝ) অভ্যন্তরীণ নিরাপত্তার কাজে দৃষ্টান্তমূলক সাফল্য প্রদর্শন,

(ঞ) সরকারি সম্পত্তি/যানমাল/অস্ত্র-গোলাবারুদ রক্ষায় দৃষ্টান্তমূলক কৃতিত্ব প্রদর্শন,

(ট) দৃষ্টান্তমূলক আত্মত্যাগ/সমস্যা-সংকুল পরিস্থিতি মোকাবেলায় বিশেষ আত্মনিয়োগ,

(ঠ) জননিরাপত্তায় দৃষ্টান্তমূলক ও প্রশংসনীয় কাজ,

(ড) জনকল্যাণমূলক, দৃষ্টান্তমূলক ও প্রশংসনীয় কাজ,

(ঢ) আর্থ সামাজিক উন্নয়নে দৃষ্টান্তমূলক ও প্রশংসনীয় কাজ,

(ণ) ক্রীড়া ও সাংস্কৃতিক ক্ষেত্রে দৃষ্টান্তমূলক ও প্রশংসনীয় কাজ,

(ত) স্বাস্থ্যসেবা খাতে দৃষ্টান্তমূলক ও প্রশংসনীয় কাজ,

(থ) তথ্য-প্রযুক্তি খাতে উদ্ভাবনী, দৃষ্টান্তমূলক ও প্রশংসনীয় কাজ,

(দ) প্রেষণে আগত কর্মচারীদের একাধিক পদকের জন্য বিবেচনা করা যাবে না।

৩। রিবনের বিবরণ ও পরিধানের ক্রম:

(ক) <u>বাংলাদেশ আনসার পদক (বিএএম)</u>: এ পদক উভয় পার্শ্বে ও মধ্যভাগে সরু রৌপ্যদাগ এবং প্রতিটি রৌপ্যদাগের মধ্যভাগে লাল দাগসহ $1\frac{3}{8}$ ইঞ্চি প্রশস্ত গাঢ় সবুজ রং এর ফিতার মাধ্যমে ইউনিফর্মের সাথে বাম বুকে ঝুলিয়ে পরিধান করতে হবে।

(খ) <u>প্রেসিডেন্ট আনসার পদক (পিএএম)</u>: এ পদক উভয় পার্শ্বে সরু রৌপ্যদাগ যার মধ্যভাগে একটি সরু লাল দাগসহ $1\frac{3}{8}$ ইঞ্চি প্রশস্ত গাঢ় সবুজ রং এর ফিতার মাধ্যমে ইউনিফর্মের সাথে বাম বুকে ঝুলিয়ে পরিধান করতে হবে।

Scanned with CamScanner

(গ) <u>বাংলাদেশ গ্রাম প্রতিরক্ষা দল পদক (বিডিপিএম):</u> এ পদক উভয় পার্শ্বে ও মধ্যভাগে সরু রৌপ্যদাগ এবং প্রতিটি রৌপ্যদাগের মধ্যভাগে লাল দাগসহ $1\frac{3}{8}$ ইঞ্চি প্রশস্ত গাঢ় মেরুন রং এর ফিতার মাধ্যমে ইউনিফর্মের সাথে বাম বুকে ঝুলিয়ে পরিধান করতে হবে।

(ঘ) <u>প্রেসিডেন্ট গ্রাম প্রতিরক্ষা দল পদক (পিডিপিএম):</u> এ পদক উভয় পার্শ্বে সরু রৌপ্যদাগ যার মধ্যভাগে একটি সরু লাল দাগসহ $1\frac{3}{8}$ ইঞ্চি প্রশস্ত গাঢ় মেরুন রং এর ফিতার মাধ্যমে ইউনিফর্মের সাথে বাম বুকে ঝুলিয়ে পরিধান করতে হবে।

(ঙ) <u>প্রেসিডেন্ট আনসার (সেবা) পদক (বিএএমএস):</u> এ পদক উভয় পার্শ্বে ও মধ্যভাগে সরু রৌপ্যদাগসহ $1\frac{3}{8}$ ইঞ্চি প্রশস্ত গাঢ় সবুজ রং এর ফিতার মাধ্যমে ইউনিফর্মের সাথে বাম বুকে ঝুলিয়ে পরিধান করতে হবে।

(চ) <u>বাংলাদেশ আনসার (সেবা) পদক (পিএএমএস):</u> এ পদক উভয় পার্শ্বে সরু রৌপ্যদাগসহ $1\frac{3}{8}$ ইঞ্চি প্রশস্ত গাঢ় সবুজ রং এর ফিতার মাধ্যমে ইউনিফর্মের সাথে বাম বুকে ঝুলিয়ে পরিধান করতে হবে।

(ছ) <u>বাংলাদেশ গ্রাম প্রতিরক্ষা দল (সেবা) পদক (বিডিপিএমএস):</u> এ পদক উভয় পার্শ্বে ও মধ্যভাগে সরু রৌপ্যদাগসহ $1\frac{3}{8}$ ইঞ্চি প্রশস্ত গাঢ় মেরুন রং এর ফিতার মাধ্যমে ইউনিফর্মের সাথে বাম বুকে ঝুলিয়ে পরিধান করতে হবে।

(জ) <u>প্রেসিডেন্ট গ্রাম প্রতিরক্ষা দল (সেবা) পদক (পিডিপিএমএস):</u> এ পদক উভয় পার্শ্বে সরু রৌপ্যদাগসহ $1\frac{3}{8}$ ইঞ্চি প্রশস্ত গাঢ় মেরুন রং এর ফিতার মাধ্যমে ইউনিফর্মের সাথে বাম বুকে ঝুলিয়ে পরিধান করতে হবে।

৪। বারসমূহ শুধুমাত্র আনসার ও ভিডিপি এর কোনো সদস্যদের ক্ষেত্রে এই পদক একাধিকবার প্রদান করা যাবে। মহামান্য রাষ্ট্রপতির সদয় সম্মতিক্রমে একাধিক পদকপ্রাপ্তগণকে পদকের সংখ্যা অনুসারে "বার" প্রদান করা যাবে। বার পরিধান করার সময় প্রতিটি বারের জন্য রিবণে একটি রুপালি রোমান হরফে।। চিহ্ন পরিধান করতে হবে।

৫। <u>মনোনয়ন পদ্ধতি:</u> পদক প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত কমিটিসমূহ প্রাথমিক প্রস্তাব প্রণয়ন করবে:

(ক) রেঞ্জ কমিটি:

| | |
|---|---|
| রেঞ্জ প্রধান | আহ্বায়ক |
| জেলা কমান্ড্যান্ট এবং ব্যাটালিয়ন কমান্ডার (সকল) | সদস্য |
| উপপরিচালক (রেঞ্জ) | সদস্য সচিব |

(খ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী একাডেমী কমিটি:

| | |
|---|---|
| উপমহাপরিচালক | আহ্বায়ক |
| পরিচালক (সকল) | সদস্য |
| উপপরিচালক (প্রশাসন) | সদস্য সচিব |

Scanned with CamScanner

(গ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অধিদপ্তর কমিটি:

| | |
|---|---|
| অতিরিক্ত মহাপরিচালক | আহ্বায়ক |
| উপমহাপরিচালক (সকল) | সদস্য |
| উপপরিচালক (প্রশাসন) | সদস্য সচিব |

**কমিটি প্রয়োজনে যে কোনো কর্মচারীকে কো-অপ্ট করতে পারবে।**

৬। (ক) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী হতে প্রেষণ সম্পন্ন করে নিজ সংস্থায় প্রত্যাবর্তনকারী/এ বাহিনী হতে উপসচিব বা সমমর্যাদা বা তদুর্ধ্ব পদে গমনকারী/নিয়োগপ্রাপ্ত পদক প্রাপ্তগণের ক্ষেত্রে মাসিক ভাতা তাঁর অভিভাবক সংস্থা/বাহিনী/মন্ত্রণালয়ে যোগদান/প্রত্যাবর্তনের পরেও বহাল থাকবে। এ ক্ষেত্রে প্রয়োজনীয় আর্থিক সংশ্লেষ সংশ্লিষ্ট পদকপ্রাপ্ত সদস্যের অভিভাবক সংস্থা/বাহিনী/সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের বাজেট হতে নির্বাহ করতে হবে।

(খ) পদকের জন্য বিবেচনা করার কার্যক্রম গ্রহণের পূর্বেই কোনো কর্মচারীর প্রেষণাদেশ প্রত্যাহার/অন্যত্র পদায়ন/প্রেষণে গমন/অবসরে গমন করলে, সেক্ষেত্রেও বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীতে থাকাকালীন তাঁর অবদানের জন্য তাঁকে এই পদকের জন্য বিবেচনা করা যাবে। এক্ষেত্রে পদকপ্রাপ্ত সদস্যের এককালীন অনুদান বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী কর্তৃক প্রদেয় হবে এবং মাসিক ভাতা ৬(ক) এর বিধান অনুযায়ী সংশ্লিষ্ট সদস্য অভিভাবক সংস্থা/ বাহিনী/মন্ত্রণালয় হতে ও অবসরপ্রাপ্তগণ অবসর ভাতার সাথে প্রাপ্য হবেন।

(গ) আনসার ও ভিডিপিতে কর্মরত অবস্থায় সাহসিকতা ও বীরত্বপূর্ণ কাজে মৃত্যুবরণকারী কর্মচারীদেরকে পদক প্রদানের জন্য বিবেচনা করা হলে, সেক্ষেত্রে এককালীন অনুদান, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী কর্তৃক নিকটতম আত্মীয় (Next of Kin) কে প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক প্রদান করা হবে। এক্ষেত্রে তাঁর উত্তরাধিকারীগণ পদকপ্রাপ্তির দিন হতে সর্বোচ্চ ১০ বছর পর্যন্ত মাসিক ভাতা প্রাপ্য হবেন।

৭। <u>পদকের ভূষণ</u>: পদকপ্রাপ্ত সদস্যগণ তাদের নামের শেষে পদকের ভূষণ (সংক্ষিপ্ত রূপ) যেমন- 'বাংলাদেশ আনসার পদক' এর ক্ষেত্রে 'BAM'/'বিএএম', 'প্রেসিডেন্ট আনসার পদক' এর ক্ষেত্রে 'PAM'/'পিএএম', 'বাংলাদেশ গ্রাম প্রতিরক্ষা দল পদক' এর ক্ষেত্রে 'BVM'/'বিভিএম' এবং 'প্রেসিডেন্ট গ্রাম প্রতিরক্ষা দল' পদক এর ক্ষেত্রে 'PVM'/'পিভিএম' 'বাংলাদেশ আনসার (সেবা) পদক' এর ক্ষেত্রে 'BAMS'/ 'বিএএমএস', 'প্রেসিডেন্ট আনসার (সেবা) পদকের' এর ক্ষেত্রে 'PAMS'/'পিএএমএস' 'বাংলাদেশ গ্রাম প্রতিরক্ষা বাহিনী দল (সেবা) পদক' এর ক্ষেত্রে 'BVMS'/'বিভিএমএস' এবং 'প্রেসিডেন্ট গ্রাম প্রতিরক্ষা দল (সেবা) পদক' এর ক্ষেত্রে 'PVMS'/'পিভিএমএস' লিখতে পারবেন। প্রেষণে আগত পদকপ্রাপ্ত কর্মকর্তাগণ প্রেষণ শেষে অভিভাবক সংস্থা/বাহিনীতে প্রত্যাবর্তনের পরে এবং এ বাহিনী হতে পদোন্নতি/নিয়োগপ্রাপ্ত হয়ে অন্য সংস্থা/মন্ত্রণালয়ের গমনকারী সদস্যগণও তাঁদের নামের শেষে উল্লিখিত ভূষণ লিখতে পারবেন।

৮। <u>পদকের প্রকাশ</u>: মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী এর সুপারিশক্রমে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক এই পদক অনুমোদিত হতে হবে এবং এ পদক বাংলাদেশ গেজেটে প্রকাশ করতে হবে।

Scanned with CamScanner

৯। **পদক প্রত্যাহার ও পুনঃপ্রদান:** মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী কর্তৃক স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে উত্থাপিত প্রস্তাব মোতাবেক প্রদত্ত পদক প্রত্যাহার করা যাবে। তবে মহামান্য রাষ্ট্রপতি অনুগ্রহপূর্বক ইচ্ছা পোষণ করলে প্রত্যাহারকৃত পদক পুনরায় প্রদান করতে পারবেন।

১০। এতদ্‌বিষয়ে ২৪ ডিসেম্বর, ২০১৫ তারিখে জারীকৃত ৪৪.০০.০০০০.১১৪.১৬.০০১.১৫-৩১২ নং প্রজ্ঞাপন এ নীতিমালা জারির তারিখ থেকে বাতিল বলে গণ্য হবে।

১১। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোঃ মোজাম্মেল হক খান
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

ক্রোড়পত্র-ক

## পদক প্রস্তাব প্রেরণের ছক (ইউনিট কর্তক পূরণকৃত)

| ক্রমিক নং | দপ্তর/কার্যালয় | রেজিঃ নং, পদবী, নাম, পিতার নাম, স্থায়ী ঠিকানা ও মোবাইল নম্বর | কাজের বিবরণ | *তথ্য প্রমাণ/প্রাধিকার | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |

প্রস্তাবকারীর নাম, স্বাক্ষর ও তারিখ

সুপারিশকারীর নাম, স্বাক্ষর ও তারিখ

*সম্ভাব্য তথ্য প্রমাণ/প্রাধিকার প্রমাণপত্রসমূহ ঃ

ক। পত্রিকায় প্রকাশিত খবরের কাটিং (যদি থাকে)।
খ। ঘটনা সংশ্লিষ্ট আলোকচিত্র/ভিডিও/অন্যান্য দলিল (যদি থাকে)।
গ। রেফারেন্স, বিবরণ ইত্যাদি।
ঘ। অন্য বাহিনী/প্রতিষ্ঠানে দায়িত্ব পালনকালীন ঘটনা সংশ্লিষ্ট বিষয়ে উক্ত বাহিনী/প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণকারী/সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।
ঙ। উপযুক্ত কর্তৃপক্ষের/ব্যক্তির সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।
চ। ভাতা ভিত্তিক/স্বেচ্ছাসেবী সদস্য-সদস্যাদের ক্ষেত্রে নিয়োগ আদেশ/প্রশিক্ষণ সনদের সত্যায়িত (নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত) ছায়ালিপি।
ছ। এছাড়াও অন্যান্য প্রমাণপত্র (যদি থাকে)।

ক্রোড়পত্র-খ

## পদকের জন্য প্রাথমিক প্রস্তাব প্রণয়ন কমিটি কর্তৃক উপস্থাপিত নামীয় তালিকা

| ক্র/নং | দপ্তর/কার্যালয় | রেজিঃ নং, পদবী, নাম, পিতার নাম, স্থায়ী ঠিকানা ও মোবাইল নম্বর | কাজের বিবরণ | *তথ্য প্রমাণ/প্রাধিকার | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |

সদস্য সচিব | সদস্য | আহ্বায়ক

*গেজেট অনুযায়ী পদক প্রাপ্তির যোগ্যতা ও শর্তসমূহ প্রতিপালন সাপেক্ষে 'ক্রোড়পত্র-ক' এ উল্লেখিত প্রয়োজনীয় সকল প্রমাণপত্রাদি সংযোজন করতে হবে।

৫



Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সীমান্ত অধিশাখা-১

নং- ৪৪.০০.০০০০.১১৬.০৪.০০২.১২-৫৮ তারিখ ঃ ২২-০২-২০১২ খ্রিঃ

## প্রজ্ঞাপন

বীরত্বপূর্ণ/সাহসিকতাপূর্ণ কাজের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ পুলিশ, বর্ডার গার্ড বাংলাদেশ, আনসার ও ভিডিপি, বাংলাদেশ কোস্টগার্ড এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পদক প্রাপ্তদের এককালীন আর্থিক অনুদান বৃদ্ধি, নতুন পদক প্রবর্তন, পদকের সংখ্যা নির্ধারণ এবং মাসিক ভাতা প্রদানে সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে ঃ

| ক্রমিক | পদকের নাম | প্রতিবছর প্রদেয় পদকের সর্বোচ্চ সংখ্যা | এককালীন অনুদান (টাকা) | মাসিক ভাতা (টাকা) |
|---|---|---|---|---|
| | **বর্ডার গার্ড বাংলাদেশ ঃ** | | | |
| ১। | বর্ডার গার্ড বাংলাদেশ পদক | ১০ (দশ) টি | ১,০০,০০০/- | ১,৫০০/- |
| ২। | প্রেসিডেন্ট বর্ডার গার্ড পদক | ২০ (বিশ) টি | ৭৫,০০০/- | ১,০০০/- |
| ৩। | বর্ডার গার্ড বাংলাদেশ (সেবা) পদক (নতুন) | ১০ (দশ) টি | ৭৫,০০০/- | ১,৫০০/- |
| ৪। | প্রেসিডেন্ট বর্ডার গার্ড (সেবা) পদক (নতুন) | ২০ (বিশ) টি | ৫০,০০০/- | ১,০০০/- |
| | **বাংলাদেশ পুলিশ ঃ** | | | |
| ১। | বাংলাদেশ পুলিশ পদক | ১০ (দশ) টি | ১,০০,০০০/- | ১,৫০০/- |
| ২। | প্রেসিডেন্ট পুলিশ পদক | ২০ (বিশ) টি | ৭৫,০০০/- | ১,০০০/- |
| ৩। | বাংলাদেশ পুলিশ পদক (সেবা) | ২০ (বিশ) টি | ৭৫,০০০/- | ১,৫০০/- |
| ৪। | প্রেসিডেন্ট পুলিশ পদক (সেবা) | ৪০ (চল্লিশ) টি | ৫০,০০০/- | ১,০০০/- |
| | **বাংলাদেশ আনসার ও ভিডিপি ঃ** | | | |
| ১। | বাংলাদেশ আনসার পদক | ১০ (দশ) টি | ১,০০,০০০/- | ১,৫০০/- |
| ২। | প্রেসিডেন্ট আনসার পদক | ২০ (বিশ) টি | ৭৫,০০০/- | ১,০০০/- |
| ৩। | বাংলাদেশ গ্রাম প্রতিরক্ষা দল পদক | ১০ (দশ) টি | ৭৫,০০০/- | ১,৫০০/- |
| ৪। | প্রেসিডেন্ট গ্রাম প্রতিরক্ষা দল পদক | ২০ (বিশ) টি | ৫০,০০০/- | ১,০০০/- |
| ৫। | বাংলাদেশ আনসার (সেবা) পদক (নতুন) | ২০ (বিশ) টি (মহিলা-ন্যূনতম ০৫ (পাঁচ) টি) | ৭৫,০০০/- | ১,৫০০/- |
| ৬। | প্রেসিডেন্ট আনসার (সেবা) পদক (নতুন) | ৪০ (চল্লিশ) টি (মহিলা-ন্যূনতম ১০ (দশ) টি) | ৫০,০০০/- | ১,[illegible]/- |
| ৭। | বাংলাদেশ গ্রাম প্রতিরক্ষা দল (সেবা) পদক (নতুন) | ২০ (বিশ) টি (পুরুষ ১০ (দশ) টি ও মহিলা ১০ (দশ) টি) | ৭৫,০০০/- | ১,৫০০/- |
| ৮। | প্রেসিডেন্ট গ্রাম প্রতিরক্ষা দল (সেবা) পদক (নতুন) | ৪০ (চল্লিশ) টি (পুরুষ ২০ (বিশ) টি ও মহিলা ২০ (বিশ) টি) | ৫০,০০০/- | ১,০০০/- |

চলমান পাতা/

Scanned with CamScanner

| ক্রমিক | পদকের নাম | প্রতিবছর প্রদেয় পদকের সর্বোচ্চ সংখ্যা | এককালীন অনুদান (টাকা) | মাসিক ভাতা (টাকা) |
|---|---|---|---|---|
| | **বাংলাদেশ কোস্টগার্ড (নতুন) ঃ** | | | |
| ১। | বাংলাদেশ কোস্টগার্ড পদক | ১০ (দশ) টি | ১,০০,০০০/- | ১,৫০০/- |
| ২। | প্রেসিডেন্ট কোস্টগার্ড পদক | ১০ (দশ) টি | ৭৫,০০০/- | ১,০০০/- |
| ৩। | বাংলাদেশ কোস্টগার্ড (সেবা) পদক | ১০ (দশ) টি | ৭৫,০০০/- | ১,৫০০/- |
| ৪। | প্রেসিডেন্ট কোস্টগার্ড (সেবা) পদক | ১০ (দশ) টি | ৫০,০০০/- | ১,০০০/- |
| | **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ঃ** | | | |
| ১। | বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স পদক | ১০ (দশ) টি | ১,০০,০০০/- | ১,৫০০/- |
| ২। | প্রেসিডেন্ট ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স পদক | ১০ (দশ) টি | ৭৫,০০০/- | ১,০০০/- |
| ৩। | বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স (সেবা) পদক (নতুন) | ১৫ (পনের) টি | ৭৫,০০০/- | ১,৫০০/- |
| ৪। | প্রেসিডেন্ট ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স (সেবা) পদক (নতুন) | ১৫ (পনের) টি | ৫০,০০০/- | ১,০০০/- |

২। <u>পদক প্রদানের শর্তাবলী</u> ঃ

(ক) উল্লিখিত পদক প্রদানের জন্য বাংলাদেশ পুলিশ, বর্ডার গার্ড বাংলাদেশ, আনসার ও ভিডিপি, এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের জন্য বিদ্যমান অনুসরণীয় পদ্ধতি/নিয়মাবলী বহাল থাকবে।

(খ) বাংলাদেশ কোস্টগার্ডের পদকের জন্য একই পদ্ধতিতে যোগ্যতা নির্ধারণ, পদক (মেডেল) ও রিবন গঠন, মান ও পরিধান পদ্ধতি অনুসরণীয় হবে। এ পদক কোস্টগার্ডের মহাপরিচালক কর্তৃক সুপারিশ ও সাহসিকতা/কার্যক্রমের বিবরণ সম্বলিত সাইটেশন এর আলোকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে মহামান্য রাষ্ট্রপতির নিকট প্রেরিত প্রস্তাবের ভিত্তিতে প্রদান করা হবে। এ পদক প্রদানের জন্য অনুসরণীয় একটি নীতিমালা প্রনয়ণ করে পরবর্তীতে গেজেট আকারে প্রকাশ করা হবে।

৩। পদক প্রাপ্তদের এককালীন অনুদান ও মাসিক ভাতা সংশ্লিষ্ট সংস্থার বাৎসরিক বাজেট বরাদ্দ হতে নির্বাহ করতে হবে।

৪। অর্থ বিভাগের ১৪-০৯-২০১১ তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৩৬.০০৭.১১-১৮৮ এবং ১৯-০১-২০১২ তারিখের ০৭.০০.০০০০.১৭২.৩৪.০০১.১২-১০ নং স্মারকপত্রের সম্মতি, মন্ত্রিপরিষদ বিভাগের ২৯-১১-২০১১ তারিখের ০৪.৩১১.০০৬.০৫.০০.০৩৬.২০১১-৭৬৯(২) নং স্মারকে বর্ণিত ২৮-১১-২০১১ তারিখের মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত এবং ১২-০২-২০১২ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদনের প্রেক্ষিতে এ আদেশ জারী করা হলো।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২২.২.১২

সি কিউ কে মুসতাক আহমদ
সিনিয়র সচিব

Scanned with CamScanner

নং- ৪৪.০০.০০০০.১১৬.০৪.০০২.১২-৫/১(১৯)

তারিখ ঃ ২২-০২-২০১২ খ্রিঃ

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৪। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৫। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৬। সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭। পিএসও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৮। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার, ঢাকা।
৯। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ, পিলখানা, ঢাকা।
১০। মহাপরিচালক, আনসার ও ভিডিপি, খিলগাঁও, ঢাকা।
১১। মহাপরিচালক, বাংলাদেশ কোস্টগার্ড, ঢাকা।
১২। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৩। যুগ্ম-সচিব (প্রশাসন/পুলিশ/বহিরাগমন/আনসার ও সীমান্ত/রাজনৈতিক), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৪। উপ-সচিব, (প্রশাসন/পুলিশ/সীমান্ত/সীমান্ত-১/অগ্নি/সীমান্ত-৩/আনসার/আনসার-১/পুলিশ-২), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১৭। পরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা - বর্ণিত প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে বিশেষ সংখ্যা হিসেবে প্রকাশ করে উহার ৫০০ (পাঁচশত) কপি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা
১৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

২২/০২/২০১২
(মনোয়ার হোসেন আখন্দ)
উপ-সচিব
ফোন ঃ ৭১৬৩০১১

Scanned with CamScanner